

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড  
(কাস্টমস)  
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১০৬-আইন/২০২৫/০৭/কাস্টমস।—জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত উপ-ধারার দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বিগত ২৯ আগস্ট, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ২৯৭-আইন/২০২৪/৮৯/কাস্টমস-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিল-১ এর—

(ক) ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১। আমদানিযোগ্য পণ্য:

সুতা ও গুঁড়া দুধ ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।

২। রপ্তানিযোগ্য পণ্য:

সকল পণ্য।”;

(৩৪৪১)

মূল্য : টাকা ৪.০০

(খ) ক্রমিক নং ৪ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১। আমদানিযোগ্য পণ্য:

সুতা ও গুঁড়া দুধ ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল।

২। রপ্তানিযোগ্য পণ্য:

সকল পণ্য।”;

(গ) ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১। আমদানিযোগ্য পণ্য:

সুতা, ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেটপেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, গুঁড়া দুধ, জুস, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা ব্যতীত) ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল।

২। রপ্তানিযোগ্য পণ্য:

সকল পণ্য।”;

(ঘ) ক্রমিক নং ১৭ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১। আমদানিযোগ্য পণ্য:

(ক) ভুটান এবং নেপালে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);

(খ) ভারত থেকে ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, মাছ, সুতা, আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29), জুস, গুঁড়া দুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, মোটর পার্টস, ফরমিকা শিট, সিরামিকওয়্যার, স্যানিটারিওয়্যার, স্টেইনলেস স্টিলওয়্যার, মার্বেল স্লাব অ্যান্ড টাইলস, মিক্সড ফেরিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।

২। রপ্তানিযোগ্য পণ্য:

সকল পণ্য।”;

(ঙ) ক্রমিক নং ১৯ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১। আমদানিযোগ্য পণ্য:

- (ক) নেপাল ও ভুটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাত সকল পণ্য (সুতা ও আলু ব্যতীত);
- (খ) সুতা, ডুপ্লেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রাফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, গুঁড়া দুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মুসক নিবন্ধিত বিডি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, ফরমিকা শিট, সিরামিকওয়্যার, স্যানিটারিওয়্যার, স্টেইনলেস স্টিলওয়্যার, মার্বেল স্লাব অ্যান্ড টাইলস, মিক্সড ফেরিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য পণ্য।

২। রপ্তানিযোগ্য পণ্য:  
সকল পণ্য।”;

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd